গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "মর্ডানাইজেশন এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২২/১০/২০২৩ |
| সভার সময় | দুপুর ১২:৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর: তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করলে যুগ্মসচিব (পরিকল্পনা) আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। উপস্থাপনা: সুরক্ষা সেবা বিভাগ এর যুগ্মসচিব সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, দুর্যোগ মোকাবিলা, দুর্যোগত্তোর অনুসন্ধান ও উদ্ধার কার্য পরিচালনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর সক্ষমতা বৃদ্ধিকল্পে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর আধুনিকায়ন বিশেষ করে ভূমিকম্পসহ বড় ধরণের প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগে জানমালের ক্ষয়ক্ষতি ন্যূনতম পর্যায়ে সীমিত রাখার লক্ষ্যে ৬৪টি জেলায় অবস্থিত ৫৪৩টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের জন্য ৭৮৯৭১২.৭১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে “মর্ডানাইজেশন এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স” শীর্ষক প্রকল্পের প্রকল্প দলিল প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক জানুয়ারি, ২০২৩ থেকে জুন, ২০২৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হবে।

তিনি আরো উল্লেখ করেন যে, বিবেচ্য প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত নেই। তবে, প্রকল্পটি ২০২৩-২৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অনুমোদিত টিওএন্ডই অনুযায়ী প্রাধিকার এর বিপরীতে সদর দপ্তর ও দেশের সকল ফায়ার স্টেশনের সাজসরঞ্জামের ঘাটতি পূরণ এবং আধুনিক প্রযুক্তি নির্ভর সরঞ্জাম ও যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি এ প্রকল্পের উদ্দেশ্য। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের ৮টি বিভাগের ৬৪টি জেলার ৫৪৩টি উপজেলা ও গুরুত্বপূর্ণ এলাকার মানুষের দোড়গোড়ায় ফায়ার সার্ভিস সেবা পৌছে যাবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৩। আলোচনা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর পরচিালক (পরি: উন্ন: ও প্রশি:) আলোচনায় অংশ নিয়ে তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, দেশের সার্বিক উন্নয়নের ধারাবাহিকতায় ইতোমধ্যে দেশে পদ্মা সেতু, মেট্রো রেল, বঙ্গবন্ধু শেখ মুজিব ট্যানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রসহ বেশ কয়েকটি মেগা প্রকল্প বাস্তবায়তি হয়েছে। মেগা প্রকল্পসমূহ বাস্তবায়িত হওয়ায় দূর্যোগ মোকাবিলায় যে কোন দূর্যোগে প্রথম সাড়াদানকারী জাতীয় প্রতিষ্ঠান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর চ্যালেঞ্জ বৃদ্ধি পেয়েছে। সাধারণ দূর্যোগ ও নুতন নুতন দূর্যোগ চ্যালেঞ্জ মোকাবিলায় অত্যাধুনিক সরঞ্জাম সংগ্রহের মাধ্যমে এ সংস্থার আধুনিকায়নের কোন বিকল্প নেই। তিনি আরো বলেন যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অনুমোদিত টিওএন্ডই অনুযায়ী প্রাধিকারের বিপরীতে ফায়ার সার্ভিস এর সদর দপ্তর ও দেশের সকল ফায়ার স্টেশনসমূহে সাজসরঞ্জামের ঘাটতি রয়েছে। প্রাধিকার অনুযায়ী সাজসরঞ্জামের ঘাটতি পূরণ এবং পদ্মা সেতু, মেট্রো রেল, বঙ্গবন্ধু শেখ মুজিব ট্যানেল, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রসহ মেগা প্রকল্পসমূহের দূর্যোগ ঝুকি মোকাবিলায় আধুনিক প্রযুক্তি নির্ভর সরঞ্জাম ও যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি এ প্রকল্পের উদ্দেশ্য।

০৪। এ প্রসঙ্গে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, এ প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি, ২০২৩ থেকে জুন, ২০২৮ এর পরিবর্তে জানুয়ারি, ২০২৪ থেকে জুন, ২০২৭ পর্যন্ত নির্ধারণ করা যথাযথ হবে। এছাড়া, বৈশ্বিক আর্থিক মন্দার কারণে দেশের অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় হ্রাস এবং প্রকল্প এলাকার গুরুত্ব বিবেচনায় প্রকল্পটি পর্যায়ক্রমে বাস্তবায়ন করা যথাযথ হবে।

০৫। এ প্রসঙ্গে সুরক্ষা সেবা বিভাগের এর যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, সুরক্ষা সেবা বিভাগের অধীনে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২৪-২৫ অর্থবছরে ২২০২.৯৪ কোটি টাকা, ২০২৫-২৬ অর্থবছরে ২২০৭.৯২ কোটি টাকা, ২০২৬-২৭ অর্থবছরে ২৩১২.৯৩ কোটি টাকা, ২০২৭-২৮ অর্থবছরে ১১৭১.৮২ কোটি টাকা ব্যয় প্রক্ষপেণ করা হয়েছে। এ ছাড়া সুরক্ষা সেবা বিভাগের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরে ১৬৫০.২৭ কোটি টাকা এবং ২০২৫-২৬ অর্থবছরে ১৭৬৫.৭৯ কোটি টাকা উন্নয়ন বাজেট বরাদ্দ প্রক্ষেপণ করা হয়েছে। বরাদ্দ প্রক্ষেপণের সাথে প্রস্তাবিত প্রকল্পের ব্যয় প্রাক্কলন সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন। এ ক্ষেত্রে অগ্রাধিকার ক্রম প্রণয়ন করে তদানুসারে প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে।

০৬। সুরক্ষা সেবা বিভাগের এর উপসচিব (পরিকল্পনা-১) অভিমত ব্যক্ত করেন যে, জেলা সদরের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহে বর্তমানে কত সংখ্যক/পরিমাণ অগ্নি নির্বাপন ও উদ্ধার সরঞ্জাম বিদ্যমান আছে এর বিগত ৩বছরের অগ্নি দুর্ঘটনার তথ্য ডিপিপিতে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। উত্তরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর পরিচালক (পরি: উন্ন: ও প্রশি:) জানান যে, ডিপিপি পুনর্গঠন কালে উল্লিখিত তথ্যাদি সন্নিবেশিত করা যেতে পারে।

০৭। আলোচনায় অংশ নিয়ে সভাপতি আরো বলেন যে, ইতোমধ্যে দেশে পদ্মা সেতু, মেট্রো রেল, বঙ্গবন্ধু শেখ মুজিব ট্যানেল, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রসহ বেশ কয়েকটি মেগা প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এসব প্রকল্পে দূর্যোগ ঝুকি মোকাবিলায় বিশেষ ধরণের সরঞ্জাম সংগ্রহ ও অগ্নি সেনা ও উদ্ধারকর্মীদের প্রশিক্ষণের ব্যবস্হা করার জন্য দাতা সংস্থার সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

অধিদপ্তর সুরক্ষা সেবা সেবা বিভাগের মাধ্যমে ইআরডিতে প্রস্তাব প্রেরণ করতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। পাশাপাশি তিনি এ প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ভূমিকম্প মোকাবিলা, পদ্মাসেতু, মেট্রোরেল, বঙ্গবন্ধু শেখ মুজিব ট্যানেল, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রসহ বিভাগীয় শহরে অবস্থিত ফায়ার স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করার পরামর্শ প্রদান করেন।

৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:


(ক) প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়নকাল হবে জানুয়ারি, ২০২৪ থেকে জুন, ২০২৭ পর্যন্ত;

(খ) সুরক্ষা সেবা বিভাগের উন্নয়ন বাজটে বরাদ্দ প্রক্ষেপণের সাথে সামঞ্জস্য রেখে অগ্নি দুর্ঘটনাপ্রবণ এলাকাকে অগ্রাধিকার দিয়ে যৌক্তিকভাবে এ প্রকল্পের ব্যয় প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

(গ) ২০২৩-২৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় প্রকল্পটি অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষপে গ্রহণ করা;

(ঘ) জেলা সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহে বর্তমানে কত সংখ্যক/পরিমাণ অগ্নি নির্বাপন ও উদ্ধার সরঞ্জাম বিদ্যমান আছে এবং বিগত ৩বছরে সংঘঠিত অগ্নি দুর্ঘটনার তথ্য ডিপিপিতে সন্নিবেশিত করতে হবে।

০৯। পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৫.২৩.১৮১

তারিখ: ১৪ কার্তিক ১৪৩০
৩০ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
৫) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৭) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ মোশারফ হোসেন
উপসচিব